ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

ইআবি/রেজি/প্রশা/বি.আ.ভা.দি-২০২৫/১৬২৬১ তারিখ : ০২ ডিসেম্বর ২০২৫খ্রি.

# বিজ্ঞপ্তি

## বিশ্ব আরবি ভাষা দিবস–২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিশেষ আয়োজন

(مسارات مبتكرة للغة العربية: سياسات وممارسات من أجل مستقبل لغوي أكثر شمولا)

[Innovative Pathways for Arabic: Policies and Practices for a More Inclusive Linguistic Future]

আগামী ১৮ ডিসেম্বর-২০২৫ **'বিশ্ব আরবি ভাষা দিবস'** উদযাপন উপলক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর অধিভুক্ত ও প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত ফাজিল ও কামিল মাদরাসার শিক্ষকদের মধ্য থেকে **"সেরা আরবি শিক্ষক" (أفضل معلم للغة العربية)** নির্বাচন এবং ফাজিল ও কামিল স্তরে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **"আরবি বই পাঠ ও ভাষা দক্ষতা প্রতিযোগিতা" (مسابقة قراءة الكتب العربية والكفاءة اللغوية)** আয়োজন করতে যাচ্ছে। সকল ফাজিল ও কামিল মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীদের এ আয়োজনে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য আহবান জানানো যাচ্ছে।

### "সেরা আরবি শিক্ষক" নির্বাচন

**আবেদনের শর্তাবলি :**

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর অধিভুক্ত/প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত ফাজিল অথবা কামিল মাদরাসায় প্রভাষক বা তদুর্ধ্ব পদে কর্মরত আরবি বিষয়ের শিক্ষক হতে হবে।
- আরবি ভাষায় শ্রবণ, কথোপকথন, পঠন ও লিখন—এই চার দক্ষতায় পারদর্শী হতে হবে।

**আবেদন প্রক্রিয়া:**

- আগ্রহী শিক্ষকগণ কম্পিউটার বা স্মার্ট ফোন ব্যবহার করে নিম্নে প্রদত্ত লিংকে প্রবেশ করবেন।
- সঠিক তথ্য দিয়ে আবেদন ফরমটি পূরণ করে Submit করবেন।
- আবেদনের লিংক : www.iau.edu.bd/tr
- আবেদনের শেষ তারিখ : ০৯/১২/২০২৫খ্রি.।

**"সেরা আরবি শিক্ষক" নির্বাচন প্রক্রিয়া:**

- আবেদনকারী শিক্ষকগণ অনলাইনে একটি প্রাথমিক বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
- আগামী ১১/১২/২০২৫, দুপুর : ০২.৩০- ০৩.০০ টায় অনলাইনে প্রাথমিক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রাথমিক বাছাই পরীক্ষায় উত্তীর্ণ নির্ধারিত সংখ্যক শিক্ষক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকায় সশরীরে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত শিক্ষককে প্রতিষ্ঠান প্রধান থেকে ছবিযুক্ত প্রত্যয়নপত্র সাথে আনতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয়ভাবে ৩ (তিন) জন ও প্রতি বিভাগ থেকে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১ (এক) জন শিক্ষককে 'সেরা আরবি শিক্ষক-২০২৫' পুরষ্কার প্রদান করা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে।

**অনলাইন বাছাই পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলি:**

- পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ে www.iau.edu.bd/te লিংকে প্রবেশ করুন।লিংকে প্রবেশ করার পর স্বয়ংক্রিয়ভাবে একটি Google Form দৃশ্যমান হবে।
- Google Form এর নির্দিষ্ট ঘরে আপনার এনআইডি নম্বর (রেজিস্ট্রেশনের সময় প্রদান করা এনআইডি নম্বর) সঠিকভাবে লিখুন।
- পরীক্ষা শেষ হওয়ার আগে ফর্মে প্রদর্শিত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করে Submit করুন।
- পরীক্ষার সময় সীমা শেষ হওয়ার পর Submit করা যাবে না।

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd

**"সেরা আরবি শিক্ষক" পুরস্কার :**

- ১ম পুরস্কার : ১২০০০ (বারো হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- ২য় পুরস্কার : ১০০০০ (দশ হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- ৩য় পুরস্কার : ৮০০০ (আট হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- বিভাগীয় পর্যায়ে সেরা আরবি শিক্ষক : ৮০০০ (আট হাজার) টাকা ও সনদপত্র

## আরবি বই পাঠ ও ভাষা দক্ষতা প্রতিযোগিতা

**আবেদনের শর্তাবলি :**

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর অধিভুক্ত/প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত মাদরাসায় ফাজিল অথবা কামিল স্তরে অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।

**আবেদন প্রক্রিয়া:**

- আগ্রহী শিক্ষার্থীকে কম্পিউটার বা স্মার্ট ফোন ব্যবহার করে নিম্নে প্রদত্ত লিংকে প্রবেশ করতে হবে।
- সঠিক তথ্য দিয়ে আবেদন ফরমটি পূরণ করে Submit করতে হবে।
- আবেদনের লিংক : www.iau.edu.bd/sr
- আবেদনের শেষ তারিখ : ০৯/১২/২০২৫খ্রি.

**বাছাই ও মূল্যায়ন প্রক্রিয়া:**

- আবেদনকারী শিক্ষার্থীরা অনলাইনে একটি প্রাথমিক বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- আগামী ১১/১২/২০২৫, দুপুর : ০৩.৩০- ০৪.০০ টায় অনলাইনে প্রাথমিক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- আরবি বই পাঠ এর পরীক্ষা হবে دروس البلاغة (দুরুসুল বালাগাহ) গ্রন্থের আলিম স্তরের সিলেবাস থেকে এবং ভাষা দক্ষতা পরীক্ষার বিষয় উন্মুক্ত থাকবে।
- প্রাথমিক বাছাই পরীক্ষায় উত্তীর্ণ নির্ধারিত সংখ্যক শিক্ষার্থী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকায় সশরীরে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত শিক্ষার্থীকে প্রতিষ্ঠান প্রধান থেকে ছবিযুক্ত প্রত্যয়নপত্র সাথে আনতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয়ভাবে ৩ (তিন) জন ও প্রতি বিভাগ থেকে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১ (এক) জন শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করা হবে।

**অনলাইন বাছাই পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলি:**

- পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ে www.iau.edu.bd/se লিংকে প্রবেশ করুন। লিংকে প্রবেশ করার পর স্বয়ংক্রিয়ভাবে একটি Google Form দৃশ্যমান হবে।
- Google Form এর নির্দিষ্ট ঘরে আপনার রেজিস্ট্রেশন নম্বর/ইউনিক আইডি/মাদরাসা আইডি (রেজিস্ট্রেশনের সময় প্রদানকৃত) সঠিকভাবে লিখুন।
- পরীক্ষা শেষ হওয়ার আগে ফর্মে প্রদর্শিত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করে Submit করুন।
- পরীক্ষার সময় সীমা শেষ হওয়ার পর Submit করা যাবে না।

**"আরবি বই পাঠ ও ভাষা দক্ষতা প্রতিযোগিতার পুরস্কার :**

- ১ম পুরস্কার : ১০০০০ (দশ হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- ২য় পুরস্কার : ৮০০০ (আট হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- ৩য় পুরস্কার : ৬০০০ (ছয় হাজার) টাকা, সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র
- বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগী : ৬০০০ (ছয় হাজার) টাকা ও সনদপত্র

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd

**প্রতিষ্ঠানের করনীয় :**

- উপরোক্ত প্রতিযোগিতার বিষয়ে অধ্যক্ষগণ শিক্ষকবৃন্দের সাথে আলোচনা করবেন এবং ছাত্র-শিক্ষক সকলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করবেন।
- প্রত্যেক মাদরাসা নিজ নিজ উদ্যোগে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত ডিজাইন ও সাইজের ব্যানার তৈরি করে তা মাদরাসার সম্মুখভাগে বা দৃশ্যমান স্থানে টাঙ্গানোর ব্যবস্থা করবেন। (ব্যানারের ডিজাইন ও সাইজ বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।)
- আগামী ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে ছাত্র-শিক্ষকদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করবেন। র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ডিজাইনের ব্যানার ব্যবহার করবেন।
- বিজ্ঞপ্তিটি প্রিন্ট করে মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

০২/১২/২৫

মোঃ আইউব হোসেন
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

ইআবি/রেজি/প্রশা/বি.আ.ভা.দি-২০২৫/৭৬২৬৭

তারিখ : ০২ ডিসেম্বর ২০২৫খ্রি.

১. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সকল ফাজিল ও কামিল মাদরাসা;
২. ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩.ডিন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পরিচালক, (অর্থ ও হিসাব) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬. পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও জনসংযোগ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলরের কর্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৯. পিএস টু প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
১০. পিএস টু প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারারের কার্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. আ.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
১৩. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।

০২/১২/২০২৫

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়